

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা।

নং-স্বাপকম/প্রবা-১/অর্থছাড়-২৫/ওপি/২০১১-

তারিখঃ ০২.০১.২০১৩ খ্রিঃ।

প্রেরক : সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঙ্গিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াদীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেটর উন্নয়ন কর্মসূচির আওতায় "কমিউনিটি বেইজড হেল্থ কেয়ার" (কোড নং ৫০৭০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১২-২০১৩ অর্থ বৎসরে এডিপিতে বরাদ্দকৃত জিওবি খাতে ৩য় কিস্তি বাবদ অর্থ ছাড় সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ০৬.১২.২০১২ তারিখের স্বাপকম/প্রবা-১/অর্থছাড়-২৫/ওপি/২০১১-৮০৭ সংখ্যক সরকারী আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে "কমিউনিটি বেইজড হেল্থ কেয়ার" (কোড নং ৫০৭০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১২-২০১৩ অর্থ বছরে এডিপি-তে বরাদ্দকৃত জিওবি খাতের অর্থ হতে ৩য় কিস্তি বাবদ ১২৫.০০ লক্ষ টাকা ছাড়করণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের/ কর্মসূচির নাম ও কোড নম্বর	অনুমোদিত/পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্তকৃত অর্থ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (২৭০৩)	"কমিউনিটি বেইজড হেল্থ কেয়ার" (কোড নং ৫০৭০)	অনুমোদিত	৩য়	৭২.০০ লক্ষ	৫০.০০ লক্ষ	১২২.০০ লক্ষ

- ০২। এ ব্যয় বর্তমান অর্থ বছরের উন্নয়ন বাজেটে মঞ্জুরী নং-২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটে "কমিউনিটি বেইজড হেল্থ কেয়ার" (কোড নং ৫০৭০) হতে বহন করা হবে।
- ০৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। চক্ষ ও মুদ্রা সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিভূত।
- ০৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।
- ০৫। এই আদেশ অর্থ বিভাগের ২৯.১২.২০০৪ তারিখের অম/অবি/উঃব্যঃ-১/বিবিধ-৪৬/২০০৪/ ৮৪৬ সংখ্যক স্মারক এবং ২২.০৭.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৪২৯ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতিতে নিম্নোক্ত শর্তে জারী করা হলোঃ

- (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) ওপি'র সংস্থান অনুযায়ী ছাড়কৃত অর্থ ব্যয় করতে হবে; এবং
- (গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

স্বাঃ
(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬০৫৫৩

নং-স্বাপকম/প্রবা-১/অর্থছাড়-২৫/ওপি/২০১১-১(৫)/৮৩৬/২(৫)

তারিখঃ ০২.০১.২০১৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
 - ২। লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেল্থ কেয়ার, মহাখালী, ঢাকা।
 - ৩। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
 - ৪। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব